

জনাব মোঃ মুজিবুর রহমান ঃ মাননীয় স্পীকার, আমাদের দেশে ৪১ হাজার কোটি টাকা বিদেশ থেকে ঋণ আনা হয়েছে। কিন্তু সরকার এই ঋণগুলো কাজে লাগাতে ব্যর্থ হয়েছেন। ফলে দেশে বেকার, গৃহহীন, ও ভূমিহীনদের সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। সংসদ সদস্যরা তাদের স্থানীয় সমস্যার কথা অনেক বলেছেন। যখন একজন মাননীয় সংসদ সদস্য দাঁড়ান এবং অসহায়ের মত তার স্থানীয় সমস্যার কথা বলেন, তখন গোটা বাংলাদেশের একটা চিত্র আমার মনে ভেসে উঠে। আমি অনার্স শেষ করে যখন ইংরেজীতে এম, এ, পড়ছিলাম, টমাস ইষ্টার্ন এলিয়টের একটা কবিতা পড়েছিলাম “ওয়েস্ট ল্যান্ড”। আমার কাছে মনে হয়েছে, বাংলাদেশ যেন একটা ওয়েস্টল্যান্ড (Waste land) মাননীয় স্পীকার, এই কবিতা পড়লে বাংলাদেশের কথাও মনে পড়ে। এরপরেও আমরা হতাশ হই নাই।

আজকে বৈষম্যের কথা বলা হয়েছে। উত্তরাঞ্চলের বৈষম্যের কথা বলা হয়েছে। এ ধরনের কথা আসবেই। এখানে ইনসাফকারী নাই। এখানে বিচার আছে, সুবিচার নাই। এখানে বাতেল আছে, হক নাই। এখানে বক্তৃতা আছে, বাস্তবায়ন নাই। আমাদের তদবীর আছে ইনসাফ নাই। মাননীয় স্পীকার, তাই আমি বলতে চাই, রাজশাহী রেডিও সেন্টার থেকে শুরু করে উত্তরাঞ্চলের অনেক সমস্যার কথা বলা হয়েছে। আমি বলতে চাই বৈষম্য থাকলে এই বৈষম্য একদিন জাতির সামনে একটা সমস্যা হয়ে দেখা দিবে এবং তার বিস্ফোরণ ঘটতে পারে, মাননীয় স্পীকার, সে জন্য আমি আপনার কাছে একথা বলতে চাই।

মাননীয় স্পীকার, উত্তরাঞ্চলের গোদাগাড়ী ও তানোরসহ ১৪টি উপজেলার জন্য ৪শ' কোটি টাকার বরেন্দ্র প্রজেক্ট দেয়া হয়েছে। আমাদের মাননীয় মন্ত্রী সাহেব এখন নাই। সেখানে ৪ জন মন্ত্রী গিয়েছিলেন। সেখানে আমি যখন জিজ্ঞাসা করলাম, এই ৪শ, কোটি টাকার প্রজেক্ট এখানে ৭শ' মাইল রাস্তা করার পরিকল্পনা আছে পি পি তে; এর ৫ বছরের মধ্যে ২ বছর চলে গিয়েছে এর মধ্যে কত মাইল রাস্তার কাজ হয়েছে? আসলে রাস্তার কোন কাজই এখন পর্যন্ত হয় নাই। আর ৪শ' কোটি টাকার মধ্যে ৬ কোটি টাকা দেওয়া হয়েছে। এরপরেও আমরা হতাশ হই নাই। আমরা হতাশ নই, আমরা আশাবাদী।

আমি বিনীতভাবে মাননীয় সংসদ নেতাসহ গোটা জাতির কাছে একটা কথা বলতে চাই সে কথা হল, আমরা অনেক কিছু দেখেছি। মানুষের তৈরী অনেক মতবাদ আমরা পরীক্ষা করেছি। আমাদের জীবনে অনেক মতবাদ এসেছে, অনেক তত্ত্বমন্ত্র এসেছে। কিন্তু কোনটা দিয়েই আমাদের জাতির কোন কল্যাণ হয় নাই। এ জন্য আমাদের নবী (সঃ) যে পথ ধরে সমাজ বিপ্লব করেছিলেন, সেই বিপ্লবের মাধ্যমেই কেবলমাত্র আমাদের জাতির সমস্যার সমাধান হতে পারে। আমি এ জন্যই আপনাকে এ কথা বলে আমার কথা শেষ করতে চাই। একটি ইংরেজী কোটেশন দিয়ে আমার কথা শেষ করছি। “We can never reach our goal until and unless we follow the foot-prints of Hazrat Muhammad (s)”

অনেক অনেক ধন্যবাদ। আপনার মাধ্যমে সকলকে মোবারকবাদ জানিয়ে আমার বক্তব্য শেষ করছি। “ওয়া আখেরু দাওয়ানা আনিল হামদুলিল্লাহি রাব্বিল আলামীন। আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।”